

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয়-নিয়ন্ত্রণ অধিশাখা-৩
(www.mof.gov.bd)

নং- ০৭.১৫৩.০১৫.০২.০০.০০২.২০১১-৬৭৭

তারিখ- ২৩/১০/২০১২ইং

বিষয়ঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন ১৪টি সরকারি টিচার্স ট্রেনিং কলেজের পদ সৃজন সংক্রান্ত।

সূত্র- ১টি/৫৪টিএম/২০০৭/১২৯২, তাং- ৩০/০৯/২০১২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন ১৪টি সরকারি টিচার্স ট্রেনিং কলেজের সাংগঠনিক কাঠামোতে নিম্নবর্ণিত ছকের তনয় কলামে উল্লিখিত বিভিন্ন বিষয়ে ৭টি অধ্যাপক ও ২১টি সহযোগী অধ্যাপকের পদসহ সর্বমোট-২৮(আটাশ)টি শিক্ষকের পদ রাজস্বখাতে সৃজনে নির্দেশক্রমে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন করা হলঃ

ক্রমসং (১)	বিষয় (২)	পদের নাম ও সংখ্যা (৩)	
		সহযোগী অধ্যাপক	অধ্যাপক
১।	শিক্ষা	২	২ শিক্ষা বিজ্ঞান
২।	গাইডেন্স এন্ড কাউন্সিলিং	১	
৩।	প্রফেসনাল ইথিক্স	১	
৪।	চার ও কারুকলা	১	
৫।	বাংলা	১	৩ সামাজিক বিজ্ঞান
৬।	ইংরেজী	১	
৭।	ইতিহাস	১	
৮।	রাষ্ট্রবিজ্ঞান	৩	
৯।	ইসলামিক আইডোলজি	২	
১০।	ব্যবসায় শিক্ষা	১	২ সাধারণ বিজ্ঞান
১১।	ভূগোল	২	
১২।	গণিত	১	
১৩।	বিজ্ঞান	১	
১৪।	গ্রন্থাগার বিজ্ঞান	২	
	মোট-	২১টি	৭টি

তবে শর্ত থাকে যে,

- (১) মন্ত্রিপরিষদ বিভাগের ৯ ডিসেম্বর, ২০১০ তারিখের ০৪.২২১.০২২.০০.০০.০২০-২০১০-৮২ নং স্মারক অনুযায়ী ক্যাডার পদ স্থায়ীভাবে সৃজিত হবে এবং এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণ করতে হবে ;
- (২) ক্যাডার বহির্ভূত অন্যান্য পদ আদেশ জারির তারিখ হতে ৩১/০৫/২০১৩ পর্যন্ত অস্থায়ীভাবে সৃজিত হবে ;
- (৩) পদ সৃষ্টির সরকারি আদেশ (জি.ও) জারির পূর্বে অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ কর্তৃক পদের বেতন স্কেল নির্ধারণ/যাচাই করতে হবে ;
- (৪) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক যাবতীয় আনুষ্ঠানিকতা পালনপূর্বক স্থায়ী পদ সৃজনের জি.ও জারি করে জারিকৃত জি.ও তে অর্থ বিভাগের পৃষ্ঠাংকণ গ্রহণ করতে হবে ;

- (৫) পৃষ্ঠাভিত্তিক ডি.ও-এর ০১(এক) কপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অফিসের হিসাব রক্ষণ অফিসে প্রেরণ করতে হবে এবং ০১(এক) কপি নিয়ন্ত্রণকারী অফিসে সংরক্ষণ করতে হবে ; এবং
- (৬) মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃষ্টিত পদগুলি স্থায়ী হিসেবে অন্তর্ভুক্ত করে টিওএন্ডই আপডেট করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে এবং
- (৭) পদ সৃজন, সংরক্ষণ ও স্থায়ীকরণ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওএন্ডএম ম্যানুয়ালের অন্যান্য বিধি-বিধান অনুসরণ করতে হবে ।

২৩.১০.১২
(নুসরাত জাবীন বানু)
উপ সচিব
ফোন-৯৫৬৯৯৫১

ই-মেইলঃ sulekhar@finance.gov.bd

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।